দৈনিক বাংলা

তারিখ ... ... 25 DEC 1990
পৃষ্ঠা ... ... ২ ... কলাম ... ৪ ...

85

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে সাদা ৬টি ও নীল ৯টি পদে জয়ী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরী এবং প্রফেসর মোঃ শাহাদত আলী যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভা-

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি শিক্ষক

(প্রথম পৃঃ পর)

পতি এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় ক্লাবে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দুটি দল সাদা ও নীল দলের দুটি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। কার্যকরী পরিষদের ১৫টি পদের মধ্যে সাদা দলের সমর্থকরা সভাপতিসহ ছয়টি পদে এবং নীল দলের সমর্থকরা সাধারণ সম্পাদকসহ নয়টি পদে জয়লাভ করেন। মোট ৭৮৮ জন ভোটার নির্বাচনে ভোট দেন।

অন্যান্য পদে নির্বাচিতরা হলেন সহ সভাপতিঃ হাসনা বেগম (দর্শন বিভাগ), কোষাধ্যক্ষঃ ডঃ খন্দকার বজলুল হক (ব্যবস্থাপনা), যুগ্ম সম্পাদকঃ ডঃ আরেফিন সিদ্দিক (গণযোগাযোগ ও সাংবাদিকতা), সদস্যঃ ডঃ আবুল কালাম (আন্তর্জাতিক সম্পর্ক), ডঃ আমিনুল ইসলাম (মৃত্তিকা বিজ্ঞান), ডঃ একে আজাদ চৌধুরী (ফার্মেসী, ডঃ এম আমিনুল ইসলাম (ভূগোল), ডঃ এস এম এ ফায়েজ (ফার্মেসী), ডঃ আইয়ুবুর রহমান ভূঞা (অর্থনীতি), ডঃ মোঃ মাসিহুজ্জামান (রসায়ন), ডঃ রাবেয়া খাতুন (সমাজ বিজ্ঞান), ডঃ শহীদউদ্দীন আহমেদ (ব্যবস্থাপনা), ডঃ সাঈদ-উর রহমান (বাংলা)।